# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৭৯

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْأَوَّلُ

## আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «التَّلْبِينَةُ مُجِمَّةٌ لِفُؤَادِ الْمَرِيضِ تَذْهَبُ بِبَعْضِ الْحزن»

## বাংলা

৪১৭৯-[২১] ’আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেনঃ তালবীনাহ্ পীড়িত ব্যক্তির অন্তরে প্রশান্তি আনে এবং দুশ্চিমত্মা কিছুটা লাঘব করে।(বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৪১৭, ৫৬৮৯; মুসলিম (২২১৬)-৯০, মুসনাদে আহমাদ ২৪৫১২, সহীহুল জামি‘ ৩০১৮, আস্ সুনানুল কুবরা লিল নাসায়ী ৭৫৭২, আল মু‘জামুল আওসাত্ব ৯০০১, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৭৩৪৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (التَّلْبِينَةُ مُجِمَّةٌ لِفُؤَادِ الْمَرِيضِ) ‘‘তালবীনাহ্ রোগীর হৃদয়ের জন্য আরামদায়ক’’। কাযী বলেনঃ তালবীনাহ্ বলা হয় আটা ও দুধ দিয়ে তৈরি পাতলা স্যুপকে। কখনো তাতে মধুও ঢেলে দেয়া হয়। দুধের মতো সাদা ও পাতলা বলে এর নামকরণ করা হয়েছে তালবীনাহ্।
(تَذْهَبُ بِبَعْضِ الْحُزْنِ) ‘‘তা রোগীর চিন্তা কিছুটা দূর করে’’। (মিরক্বাতুল মাফাতীহ; শারহুন নাবাবী ১৪ খন্ড, হাঃ ২২১৬/৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74902

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন